

মসজিদের পেশ ইমাম মাওঃ মোঃ আব্দুল মান্নান।

## অন্যসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনমান উন্নয়নে প্রশিক্ষণ

এম কে মনির সীতাকুণ্ড

সমতল ভূমিতে বসবাসরত অন্যসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবন মানোন্নয়নের লক্ষ্যে প্রাণি সম্পদ অধিদপ্তরের সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় গবাদিপশু ও হাঁস-মুরগি পালন বিষয়ক প্রশিক্ষণ পেয়েছে সীতাকুণ্ডের ৯০ জন সুফলভোগী। সীতাকুণ্ড উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের ব্যবস্থাপনায় ৮ ডিসেম্বর থেকে ২০ ডিসেম্বর পর্যন্ত সময়ে ৩ টি ব্যাচে এ প্রশিক্ষণ সম্পন্ন হয়। প্রশিক্ষণে গবাদিপশু ও হাঁস-মুরগি পালনে সহায়ক চিকিৎসা, খাবার ব্যবস্থাপনা, রোগ নিয়ন্ত্রণ, বাসস্থান ও প্রজনন সম্পর্কে হাতে-কলমে গুরুত্বপূর্ণ সেশন অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ পরিদর্শন করেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ শাহাদাত হোসেন। উপজেলা ভারপ্রাপ্ত প্রাণি সম্পদ অফিসার ডা. শাহজালাল মুহাম্মদ ইউনুস বলেন, সমতল ভূমিতে বসবাসরত অন্যসর নৃ-গোষ্ঠীদের জীবনমান উন্নয়নে সমন্বিত প্রাণি সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় এ প্রশিক্ষণ দেয়া হয়েছে। কৃষির পাশাপাশি গবাদিপশু ও হাঁস-মুরগি পালন করে যাতে অন্যসর নৃ-গোষ্ঠীরা স্বাবলম্বী হতে পারেন সে লক্ষ্যে প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। আমরা সব ধরনের সুযোগ-সুবিধা দিতে প্রস্তুত। এ প্রকল্পে সমতল ভূমিতে বসবাসরত অন্যসর নৃ-গোষ্ঠীরা বিভিন্ন সুবিধা পাবে। ইতিমধ্যেই প্রশিক্ষিতদের নার্সিং করছে উপজেলা প্রাণি সম্পদ দপ্তর।